

যুগান্তর

প্রিন্ট: ০২ ডিসেম্বর ২০২৫, ০৯:২৯ এএম

জাতীয়

শিক্ষকদের বেতনের প্রস্তাব মন্ত্রণালয়ে পাঠাল মাউণ্ডি



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ০১ ডিসেম্বর ২০২৫, ০৮:৪৮ পিএম



ফাইল ছবি

বেসরকারি স্কুল-কলেজে কর্মরত এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের নভেম্বর মাসের বেতনের প্রস্তাব শিক্ষা মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে। আগামী বৃহস্পতিবারের (১১ নভেম্বর) মধ্যে তারা নভেম্বরের মাসের বেতন-ভাতা পাবেন বলে জানা গেছে।

সোমবার (০১ ডিসেম্বর) মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের (মাউশি) এডুকেশন ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম (ইএমআইএস) সেল সূত্র জানিয়েছে, নভেম্বর মাসের বেতনের প্রস্তাব পাঠানো হয়েছে। এটি অর্থ মন্ত্রণালয়ের আইবাসেও জমা দেওয়া হয়েছে। তবে আইবাসের কর্মকর্তারা দেশের বাইরে থাকায় এবার শিক্ষকদের বেতন পেতে একটু দেরি হবে।

নাম অপ্রকাশিত রাখার শর্তে ইএমআইএস সেলের এক কর্মকর্তা বলেন, নভেম্বর-২০২৫ মাসের বেতনের হিসাব মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে। সেই সঙ্গে আইবাসে বেতন পাঠানো হয়েছে। আইবাসের টেকনিক্যাল জনবল বিদেশ ট্যুরে আছেন। তারা আগামী ৪ ডিসেম্বর দেশে ফিরবেন। এর পর হয়তো তারা বেতনের কাজ করতে পারবেন। শিক্ষক-কর্মচারীদের নভেম্বর মাসের বেতন পেতে ডিসেম্বরের ৮/৯ তারিখ পর্যন্ত লেগে যেতে পারে।

জানা গেছে, প্রতি মাসে শিক্ষক-কর্মচারীদের বেতনের প্রস্তাব পাঠান প্রতিষ্ঠান প্রধান। অনলাইন বিল দাখিলের পর তা যাচাই-বাছাই শেষে অর্থ মন্ত্রণালয়ের সঙ্গে সমন্বয় করে বেতনের অর্থ ছাড়ের ব্যবস্থা করা হয়। অর্থ মন্ত্রণালয়ের চূড়ান্ত অনুমোদনের শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা ব্যাংকে পাঠানো হয়।

এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা নিয়মিত প্রদান নিশ্চিত করতে সরকার ডিজিটাল বিল দাখিল ও অনুমোদনের প্রক্রিয়া চালু করেছে। এর ফলে এখন বেতন-ভাতা প্রক্রিয়াকরণ আরও দ্রুত ও স্বচ্ছ হচ্ছে।